

“মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার”



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd



স্মারক নং: ৫৫.১২.০০০০.১০৭.০৩৩.০০২.১৯- ২৯৮৫

তারিখ: ২৩/০৮/২০২০


বিষয়: চোর অপবাদে মা-মেয়েকে রশি দিয়ে বেঁধে প্রকাশ্য সড়কে ঘোরানো সংক্রান্ত প্রকাশিত সংবাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

২৩ আগস্ট ২০২০ তারিখ দৈনিক কালের কণ্ঠ অনলাইন পত্রিকায় “‘চোর’ অপবাদে মা-মেয়েকে রশি দিয়ে বেঁধে ঘোরানো হয় প্রকাশ্য সড়কে” শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, কক্সবাজারের চকরিয়ায় মা ও তরুণী মেয়েকে ‘গরু চোর’ আখ্যা দিয়ে একদল দুর্বৃত্ত কর্তৃক নির্মমভাবে পেটানোর চিত্র ভাইরাল হয়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। ছবিতে দেখা যাচ্ছে কোমরে রশি বেঁধে দুই নারীকে প্রকাশ্য সড়কে হাঁটিয়ে নিয়ে যাওয়া হচ্ছে।

০২। কোন মানুষকে রশি দিয়ে বেঁধে প্রকাশ্য সড়কে ঘোরানো মানবাধিকারের চরম লঙ্ঘন মর্মে কমিশন মনে করে। এ বিষয়ে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে দ্রুততার সাথে কমিশনকে অবহিত করার জন্য পুলিশ সুপার, কক্সবাজারকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

সংযুক্তঃ প্রকাশিত সংবাদের কপি

পুলিশ সুপার
কক্সবাজার


২৩/৮/২০২০
আল-মাহমুদ ফায়জুল কবীর
পরিচালক (অভিযোগ ও তদন্ত)
(জেলা ও দায়রা জজ)
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

‘চোর’ অপবাদে মা-মেয়েকে রশি দিয়ে বেঁধে ঘোরানো হয় প্রকাশ্য সড়কে

চকরিয়া (কক্সবাজার) প্রতিনিধি ২৩ আগস্ট, ২০২০ ০৩:৫৯ | পড়া যাবে ২ মিনিটে

Share 244

প্রিন্ট ([./home/printnews/948128/2020-08-23](/home/printnews/948128/2020-08-23))



অ- অ অ+

(http://gain-intl-work-from-home.zone/?ref=eastwestmedia-kalerkantho.1159850&sub_ic_kalerkantho.1159850&tbid=1297808&tblind=view&tbserp=search&compkey=Work+from)

Do You Speak English? Work a USA job from home in I
Work from Home | Search Ads | Sponsored (<https://popup.taboola.com/en/?>)

কল্পবাজারের চকরিয়ায় বয়সী মা ও তরুণী মেয়েকে 'গরু চোর' আখ্যা দিয়ে একদল দুর্বৃত্ত নির্মমভাবে পেটানোর চিত্র ভাইরাল হয়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। ছবিতে দেখা যাচ্ছে কোমরে রশি বেঁধে দুই নারীকে প্রকাশ্য সড়কে হাঁটিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। একপর্যায়ে শারীরিক অবস্থার অবনতি ঘটলে পুলিশ এসে মা ও মেয়েকে উদ্ধার করে চকরিয়া হাসপাতালে ভর্তি করে।

শুক্রবার (২১ আগস্ট) দুপুরে হারবাং পহরচাঁদা এলাকায় এ ঘটনা ঘটলেও সামাজিক যোগাযোগমাধ্যমে ঘটনার ছবি প্রকাশের পর এটি গতকাল শনিবার দিবাগত রাত ১১টার দিকে সবখানে জানাজানি হয়।

মা ও মেয়ে চকরিয়া হাসপাতালে বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন। তাদের শারীরিক অবস্থা আশংকামুক্ত নয় বলে জানিয়েছেন হাসপাতালের চিকিৎসকরা।

বিষয়ে জানতে চাইলে চকরিয়া থানার হারবাং পুলিশ ফাঁড়ির ইনচার্জ ও পরিদর্শক আমিনুল ইসলাম জানান, শুক্রবার স্থানীয়রা ফাঁড়ি পুলিশকে খবরটি দেন। এর পর মা-মেয়েকে উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করে পুলিশ।

তিনি আরো জানান, স্থানীয় এক ব্যক্তির গরু চুরির ঘটনায় তাদের অভিযুক্ত করা হয়েছে। অভিযুক্তদের মধ্যে মা-মেয়েসহ চারজনের বাড়ি পটিয়ার শান্তিরহাটে। অপরজনের বাড়ি পেকুয়ার লালব্রিজ এলাকায়।

কারা পিটিয়েছে এমন প্রশ্নে ইন্সপেক্টর আমিনুল ইসলাম বলেন, 'মা-মেয়েকে পেটানোর বিষয়ে এখনো কেউ অভিযোগ করেনি। খবর পেয়ে পুলিশ যখন ঘটনাস্থলে যায় তখন সেখানে প্রায় দুই শতাধিক মানুষ উপস্থিত ছিলেন। সেখান থেকে তাদেরকে আমাদের হেফাজতে নিয়ে আসাটাই প্রাধান্য দিয়েছি। তাদেরকে হাসপাতালে ভর্তির ব্যবস্থা করেছি।

চকরিয়া থানার ওসি মো. হাবিবুর রহমান বলেন, 'পরিচয় শনাক্তের চেষ্টা করা হচ্ছে মা-মেয়ের। ভুক্তভোগী কেউ যদি অভিযোগ করে তাহলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে জড়িতদের বিরুদ্ধে।'

মন্তব্য

(http://search.iojsj.info/c/1AeqLD49Yv8aMz59?title=Work+From+Home+Jobs+in+the+Cpt56MR1JL7zpyISY3IP4wkpWZFtDjSCo1Ec&tg1=Taboola_DA_JobUSA_All_INTL/kalerkantho&tg3=taboola&src=t&kw=career%20builder%20jobs%20in%20usa%20Cfree%20Cpt56MR1JL7zpyISY3IP4wkpWZFtDjSCo1Ec)

Work From Home Jobs in the USA May Pay More Than Online Jobs in USA | Search Ads | Sponsored (<https://popup.taboola.com/er>)